

2026

6th Semester Examination (CCFUP : NEP)

BENGALI

Paper : MDSE 2-T

(Single Core Major Elective-2)

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

(আত্মজীবনী সাহিত্য ও পত্রসাহিত্য)

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ১। 'ছিন্নপত্র' গ্রন্থটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো। এই গ্রন্থে কতগুলি পত্র স্থান পেয়েছে? $1+1$
- ২। 'ছিন্নপত্র'-এর চিঠিগুলি কোন্ সময়কালের মধ্যে লেখা হয়েছিল? রবীন্দ্রনাথ কাকে কাকে চিঠিগুলি পাঠিয়েছিলেন? $1+1$
- ৩। 'ছিন্নপত্র' গ্রন্থের ইংরেজী সংস্করণের নাম কী? সংস্করণটির প্রথম প্রকাশকাল লেখো। $1+1$

P.T.O.



৪। 'ছিন্নপত্র'-র চিঠিগুলিতে মূলত কোন্ অঞ্চলের প্রকৃতির বর্ণনা আছে? প্রসঙ্গত ৪৯ সংখ্যক পত্রটির রচনাকাল উল্লেখ করো।

১+১

৫। 'আপনকথা' গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো। গ্রন্থটিতে মোট কয়টি পরিচ্ছেদ রয়েছে?

১+১

৬। 'আপনকথা' গ্রন্থটি অবনীন্দ্রনাথ মূলত কাদের জন্য লিখেছিলেন? গ্রন্থের শেষ পরিচ্ছেদটির নাম কী?

১+১

৭। 'তৃণাঙ্কুর' কী জাতীয় রচনা? গ্রন্থটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

১+১

৮। 'তৃণাঙ্কুর' গ্রন্থে স্থানপ্রাপ্ত রচনাগুলির সময়কাল উল্লেখ করো। বইটি লেখক কাকে উৎসর্গ করেছিলেন?

১+১

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। পত্রসাহিত্য হিসেবে 'ছিন্নপত্র' গ্রন্থের গুরুত্ব সংক্ষেপে লেখো।

১০। 'ছিন্নপত্র'-এর ১১৫নং চিঠি অবলম্বনে কবির আনন্দানুভূতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১১। 'আপনকথা' গ্রন্থের প্রথম পরিচ্ছেদের মূল বিষয়বস্তু আলোচনা করো।

১২। অবনীন্দ্রনাথের বাল্যজীবনে পদ্মদাসীর প্রভাব কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল, তা দ্বিতীয় পরিচ্ছেদ অবলম্বনে সংক্ষেপে লেখো।



- ১৩। 'তৃণাঙ্কুর' গ্রন্থ অবলম্বনে বিভূতিভূষণের নাগপুর ভ্রমণের অভিজ্ঞতা নিজের ভাষায় লেখো।
- ১৪। 'অপরাজিত' শেষ করার পর outlook develop করার জন্য বিভূতিভূষণ যে যে কাজ স্থির করেন, তা লিপিবদ্ধ করো।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

- ১৫। 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কীভাবে ধরা পড়েছে, পাঠ্যাংশ অবলম্বনে তার পরিচয় দাও।
- ১৬। 'ছিন্নপত্র' গ্রন্থের পাঠ্য চিঠিগুলি অবলম্বনে গ্রন্থটির গদ্যশৈলীর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।
- ১৭। বাংলা সাহিত্যে আত্মজীবনী ধারায় অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপনকথা' গ্রন্থের অভিনবত্বের দিকগুলি সম্বন্ধে আলোচনা করো।
- ১৮। 'আপনকথা' গ্রন্থের 'উত্তরের ঘর' পরিচ্ছেদে লেখক যে চিত্রমালা রচনা করেছেন, তার পরিচয় দাও।
- ১৯। 'লেখকের নিভৃত মনের আত্মকথন' হিসেবে বিভূতিভূষণের 'তৃণাঙ্কুর' গ্রন্থটির শিল্প-সার্থকতা বিচার করো।



(4)

OR

(বাংলা বিতর্কমূলক, সৌন্দর্যতত্ত্বমূলক
এবং বিজ্ঞান চেতনামূলক গ্রন্থপাঠ)

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ১। কোন্ ছদ্ম নামে বিদ্যাসাগর 'ব্রজবিলাস' লিখেছিলেন? এর রচনাকাল উল্লেখ করো। $1+1$
- ২। 'ব্রজবিলাস'-এ উল্লিখিত দু'টি প্রবাদ উদ্ধৃত করো।
- ৩। 'ব্রজবিলাস'-এর দ্বিতীয় পরিশিষ্টে উল্লিখিত কাহিনিটি অতি সংক্ষেপে লেখো।
- ৪। 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধে অবলম্বনে বিভিন্ন প্রকার দৃষ্টির পরিচয় দাও।
- ৫। 'মত' ও 'মন্তব্য'-এর একটি করে বৈশিষ্ট্য লেখো।
- ৬। 'শিল্প ও ভাষা' প্রবন্ধে উল্লিখিত বিভিন্ন প্রকার ভাষার নাম লেখো।
- ৭। 'অব্যক্ত' গ্রন্থের প্রথম চারটি প্রবন্ধের নাম উল্লেখ করো।
- ৮। 'পদার্থ ত্রিবিধ আকারে দেখা যায়' — 'ত্রিবিধ আকার' কী কী?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ৯। 'ব্রজবিলাস'-কে গ্রন্থকার স্বয়ং কোন্ অভিধায় অভিহিত করেছিলেন? এরূপ অভিধার কারণ কী? $1+8$



- ১০। 'ব্রজবিলাস' — রচনায় হাস্যরসের যে পরিচয় পাওয়া যায় পাঠ্যাংশ অবলম্বনে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ১১। ভাষার প্রয়োগে প্রত্যেকটি শিল্প কীভাবে স্বয়ংসম্পূর্ণ হয়েও পরস্পর-সাপেক্ষ হয়ে থাকে তা 'শিল্প ও ভাষা' প্রবন্ধ অনুসরণে লেখো।
- ১২। 'অসুন্দর' প্রবন্ধের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।
- ১৩। 'উদ্ভিদের জন্ম ও মৃত্যু' প্রবন্ধের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।
- ১৪। মানুষের অধ্যবসায় কীভাবে তার জ্ঞানচর্চাকে ত্বরান্বিত করেছে তা 'মস্তকের সাধন' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

- ১৫। 'ব্রজবিলাস' গ্রন্থের গঠনরীতি সম্পর্কে আলোচনা করো।
- ১৬। 'ব্রজবিলাস' গ্রন্থের ব্রজনাথ বিদ্যারত্ন চরিত্রটি পর্যালোচনা করো।
- ১৭। 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।
- ১৮। 'অরূপ না রূপ' প্রবন্ধ অবলম্বনে শিল্প জিজ্ঞাসায় রূপ ও অরূপের ভূমিকা বিষয়ে আলোচনা করো।
- ১৯। "নিছক উদ্ভিদবিদ্যা নয়, বিশ্বচেতনা 'অব্যক্ত' গ্রন্থের উপজীব্য"
— মন্তব্যটি বিচার করো।

P.T.O.

VN-6/156 - 2800





(6)

OR

(বাংলা রঙ্গমঞ্চ, সাময়িক পত্র ও অনুবাদ সাহিত্যের ইতিহাস)

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

১। বাঙালির দ্বারা প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোন্টি? এটি কে প্রতিষ্ঠা করেন? ১+১

২। বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ কে, কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠা করেন? ১+১

৩। প্রথম বাংলা নাটক অভিনয়ের মঞ্চ কবে, কোথায় স্থাপিত হয়েছিল? ১+১

৪। বাংলা ভাষায় মুদ্রিত প্রথম সাময়িক পত্র কোন্টি? এটি কে সম্পাদনা করতেন? ১+১

৫। 'হিতবাদী' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের চারটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

৬। 'জ্ঞানান্বেষণ' পত্রিকার সম্পাদন কে ছিলেন? এটি কাদের মুখপত্র ছিল? ১+১

৭। অনুবাদ সাহিত্য সৃষ্টির দু'টি কারণ উল্লেখ করো।

৮। সৈয়দ আলাওল রচিত একটি অনুবাদ গ্রন্থের নাম, মূলগ্রন্থের নামসহ উল্লেখ করো। ১+১



(7)

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ৯। জোড়াসাঁকো নাট্যশালার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১০। নাট্যনিয়ন্ত্রণ বিল কী? এই বিল প্রণয়নের ঐতিহাসিক প্রেক্ষিতটি সম্পর্কে লেখো।
- ১১। 'কুন্তিবাস' পত্রিকার নামকরণ কে করেন? এই পত্রিকার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১২। টীকা লেখো : শনিবারের চিঠি
- ১৩। বিদ্যাসাগরের অনুবাদসাহিত্যগুলির নাম প্রকাশকালসহ উল্লেখ করো।
- ১৪। অনুবাদ কত রকমের হতে পারে? সংজ্ঞাসহ প্রত্যেক প্রকার অনুবাদের একটি করে উদাহরণ দাও।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

- ১৫। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশনাল থিয়েটার'-এর তাৎপর্য ও গুরুত্ব আলোচনা করো।
- ১৬। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে শিশির কুমার ভাদুড়ীর অবদান আলোচনা করো।
- ১৭। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে 'বঙ্গদর্শন'-পূর্ববর্তী সাময়িক পত্রগুলির ভূমিকা আলোচনা করো।

P.T.O.

১৮। বাংলা গদ্যের বিকাশে 'কল্লোল' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

১৯। বাংলা সাহিত্যে রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনুবাদ-গ্রন্থটির নাম লেখো। অনুবাদক হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

